কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2019 Q1
কর্মক্ষেত্র

theguideblogger

বর্ষ ৪১ সংখ্যা ৪৮ কলকাতা বুধবার, ৩০ জুন ২০২১/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৫ আষাঢ় ১৪২৮ দাম ৪.০০ টাকা ৮ পাতা R. N. 37120/80

# হস্তশিল্পমেলার বিকল্প হয়ে উঠছে অনলাইন বিকিকিনি

**বাংলার অনন্য হস্তশিল্পীরা প্রত্যন্ত গ্রামে বসে নজরকাড়া শিল্পসামগ্রী তৈরি করলেও বেশিরভাগ সময় দূরত্বের জন্য বড় অংশের ক্রেতার কাছে পৌঁছতে পারেন না। বর্তমানে বেশ কিছু অনলাইন বিপণনকেন্দ্র শিল্পীদের কাজ বৃহত্তর ক্রেতার কাছে তুলে ধরে শিল্পীদের উপার্জনের বন্দোবস্ত করে দিচ্ছে। হস্তশিল্পী ও ক্রেতার মধ্যে এই যোগসূত্রই দেখাতে পারে নতুন পেশার দিশা। কী ভাবে? রইল তারই সুলুকসন্ধান।**



**নিজস্ব প্রতিনিধি:** শত সমস্যার মধ্যেও মাথা তুলে দাঁড়ানোর চেষ্টাটাই জীবন। অতিমারির জন্য সমাজ ও অর্থনীতি তার চেনা ছন্দ হারিয়েছে। কর্মহীন হয়েছেন বহু মানুষ। কিন্তু এ অবস্থাতেও হাল না ছেড়ে বিভিন্ন ভাবে ঘুরে দাঁড়াচ্ছেন তাঁরাই। জীবনকে এগিয়ে নিয়ে চলেছেন। কেবল তাই নয়, নিজেরা পথ চলার পাশাপাশি হাত বাড়িয়ে দিয়েছেন চার-পাঁচজন কর্মহীন মানুষের দিকে।

অতিমারির জন্য সরকারি নির্দেশেই যখন ঘর থেকে বেরোনো বাধা হয়ে দাঁড়িয়েছে, তখন ঘরে বসেই বিভিন্ন কাজ করে জীবিকার্জনের পথ করে নিয়েছেন তাঁরা। এমন অনেক কাজের দিগন্ত খুলে গিয়েছে, যা হয়তো আগে কেউ ভাবতেও পারতেন না।

এই নতুন কাজগুলির মধ্যে খুবই জনপ্রিয় হয়েছে অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করে বিভিন্ন ধরনের সামগ্রীর বিপণন। বিষয়টা অভিনব না হলেও, আগে সীমাবদ্ধ ছিল বিপুল পুঁজির বৃহৎ সংস্থাগুলির মধ্যে। কিন্তু এখন অনেকেই অনলাইন প্ল্যাটফর্ম তৈরি করে বাংলার হস্তশিল্প ও হস্তশিল্পীদের বাঁচিয়ে রাখার জন্য এগিয়ে এসেছেন। এতে বিশেষ ভাবে উপকৃত হয়েছেন প্রত্যন্ত গ্রামের হস্তশিল্পীরা। অতিমারি পরিস্থিতিতে মেলার আয়োজন বন্ধ হয়ে যাওয়ায় আতান্তরে পড়ে গিয়েছিলেন তাঁরা। 'দেশের মাটি', 'নেসেসিটি ই-স্টোর', 'আপণ' ইত্যাদি অনলাইন প্ল্যাটফর্মগুলো আজ মেলার বিকল্প হিসেবেই কাজ করছে।

কী ভাবে কাজ করছে এই অনলাইন বিক্রয়কেন্দ্রগুলো?

## খুলে যাচ্ছে অসীম সম্ভাবনা

এঁরা সোশ্যাল মিডিয়ার মাধ্যমে শিল্পীদের কাজের নমুনা প্রচার করছেন। ক্রেতারা ফোনে অর্ডার দিলে এই সংস্থাগুলি শিল্পীদের কাছ থেকে সেই হস্তশিল্প সামগ্রী সংগ্রহ করে কুরিয়ারের মাধ্যমে পৌঁছে দিচ্ছেন ক্রেতার কাছে। এতে উভয়পক্ষই উপার্জনের দিশা খুঁজে পেয়েছেন।

সম্প্রতি এই অনলাইন প্ল্যাটফর্মগুলি এত জনপ্রিয় হয়েছে যে, এগুলির মাধ্যমে বাংলার হস্তশিল্প ছড়িয়ে পড়ছে বিদেশেও। দিনাজপুরের প্রত্যন্ত গ্রামের কোনও শিল্পীর হাতের কাজ এই পদ্ধতিতে পৌঁছে যাচ্ছে মার্কিন যুক্তরাষ্ট্রের কোনও শৌখিন গৃহস্বামীর বৈঠকখানায়। ফলে, বাংলার বিভিন্ন

এরপর দুইয়ের পাতায়

# রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৩১৯ অ্যাপ্রেন্টিস

৩১৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে রাষ্ট্রীয় ইস্পাত নিগম। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে ফিটার, ওয়েল্ডার, ইলেক্ট্রিশিয়ান-সহ বিভিন্ন ট্রেডে। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: RINL/VSP/L&DC /Trade 2021(1).

**আসনসংখ্যার বিবরণ:** ফিটার ৭৫টি, টার্নার ১০টি, মেশিনিস্ট ২০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৪০টি, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স ২০টি, ইলেক্ট্রিশিয়ান ৬০টি, কার্পেন্টার ২০টি, মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং ১৪টি, মেকানিক ডিজেল ৩০টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৩০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই কোর্স পাশ, সঙ্গে এন সি ভি টি সার্টিফিকেট পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১০-২০২০ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা যথাক্রমে ৫, ৩ ও ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ফিটার, টার্নার, মেশিনিস্ট, মেকানিক মেশিন টুল মেইন্টেন্যান্স, ইলেক্ট্রিশিয়ান এবং মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিংয়ের ক্ষেত্রে প্রতি মাসে ৮,০৫০ টাকা, বাকি ট্রেডগুলির ক্ষেত্রে প্রতি মাসে ৭,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ২ ঘণ্টার কম্পিউটারভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অ্যাপ্টিটিউড এবং টেকনিক্যাল বিষয়ে। পরীক্ষাকেন্দ্র বিশাখাপত্তনম। পরীক্ষার সম্ভাব্য তারিখ ৮ অগস্ট।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা বর্তমানে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের সঙ্গে যুক্ত থাকলে অথবা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

**প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://apprenticeshipindia.org** এরপর সংশ্লিষ্ট সংস্থায়

এরপর তিনের পাতায়

# নিউক্লিয়ার পাওয়ারে ১২১

## তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

১২১ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন। অ্যাপ্রেন্টিস অ্যাক্ট, ১৯৬১ (সংশোধনী) অনুসারে গুজরাতের কাকরাপার সাইটে ট্রেনিং হবে বিভিন্ন ট্রেডে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। যাঁরা আগে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা বর্তমানে কোনও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিংয়ের সঙ্গে যুক্ত, তাঁরা আবেদন করবেন না। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: KAKRAPAR GUJARAT SITE/HRM/APPRENTICESHIP-2021.

ট্রেড অনুসারে আসন— **ইলেক্ট্রিশিয়ান:** ৩২টি, **ফিটার:** ৩২টি, **ইনস্ট্রুমেন্ট মেকানিক:** ১২টি, **ইলেক্ট্রনিক মেকানিক:** ১২টি, পি এ এস এ এ/সি ও পি এ: ৭টি, **ওয়েল্ডার:** ৭টি,

এরপর তিনের পাতায়

# কলকাতা পুরসভায় ডাক্তার

৯১ জন চিকিৎসক নেবে কলকাতা পুরসভা। ন্যাশনাল আর্বান হেলথ মিশনের অধীনে পূর্ণ ও আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ করা হবে বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৬ জুলাই। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05/ Kolkata City NUHM Society/2021-22.

**শূন্যপদের বিবরণ:** মেডিক্যাল অফিসার (পূর্ণ সময়): ২৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৫, ও বি সি-এ ৬, ও বি সি-বি ৬, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১)। মেডিক্যাল অফিসার (আংশিক সময়): ৬৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস, সঙ্গে ১ বছরের বাধ্যতামূলক ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। **বয়স:** ১-৭-২০২১ তারিখে ৬২ বছরের মধ্যে হতে হবে।

এরপর তিনের পাতায়

# বর্ডার সিকিউরিটি ফোর্সে ১০৯

## প্যারামেডিক্যাল ও ভেটেরিনারি স্টাফ

বিভিন্ন পদে ১০৯ জন প্যারামেডিক্যাল স্টাফ ও ভেটেরিনারি স্টাফ নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। প্রার্থীদের স্টাফ নার্স, ল্যাবরেটরি টেকনিশিয়ান, ভেটেরিনারি, কেনেলম্যান এবং ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া পদে নিযুক্ত করা হবে সাব ইনস্পেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেক্টর, হেড কনস্টেবল, কনস্টেবল ট্রেডসম্যান ও কনস্টেবল র‍্যাঙ্কে।

**প্যারামেডিক্যাল স্টাফ:** ■**সাব ইনস্পেক্টর (স্টাফ নার্স):** শূন্যপদ ৩৭টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে জেনারেল নার্সিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে। পাশাপাশি, জেনারেল নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসেবে কেন্দ্র বা রাজ্য নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে।

■**অ্যাসিস্ট্যান্ট সাব ইনস্পেক্টর (ল্যাবরেটরি টেকনিশিয়ান):** শূন্যপদ ২৮টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা থাকতে হবে।

এরপর তিনের পাতায়


PES UNIVERSITY
ADMISSIONS 2021
#1 UNIVERSITY IN KARNATAKA (NEW UNIVERSITIES UNDER 5 YEARS, KSURF 2019)
PESSAT
REGISTER TODAY
www.pessat.com
ALL INDIA ONLINE ENTRANCE EXAM FOR ADMISSION TO PES UNIVERSITY
PESU Scholarships
40% tuition fee waiver for the Top 20% of students. Over ₹30 Crore merit scholarships given till date
pes.edu/scholarships
Flexible Curriculum
B.Tech Major/Minor and M.Tech Switch Program
pes.edu/btech
Research Driven Learning
pes.edu/research
International Internships
pes.edu/summer
PROGRAMS: ENGINEERING BTech (CS, ECE, Mech, EEE, & BT) / MTech
LAW BBA, LLB (Hons.) / BA, LLB (Hons.) COMMERCE BCom / MCom
ARCHITECTURE BArch DESIGN BDes PHARMACY B/M/Pharm/D
MANAGEMENT MBA / BBA General / Hospitality & Event Management / Sports Management
RESEARCH MTech / PhD OTHERS MCA
PES UNIVERSITY
080-10-297297 admissions@pes.edu
100 Feet Ring Road, BSK III Stage, Bengaluru
www.pes.edu

# হস্তশিল্পমেলার বিকল্প হয়ে উঠছে অনলাইন বিকিকিনি

প্রথম পাতার পর

প্রান্তের হস্তশিল্পীরা এই ধরনের অনলাইন প্ল্যাটফর্মের সঙ্গে যুক্ত হতে চাইছেন। চাইলে এই প্ল্যাটফর্ম থেকে বাংলার হস্তশিল্প সামগ্রী হোলসেলে কিনে বিপণন করারও সুযোগ আছে। অথবা আর-একটু উদ্যোগী হলে একা বা কয়েক জন মিলে খুলে ফেলা যায় এমন একটি অনলাইন প্ল্যাটফর্ম। এর মাধ্যমে আপনি যেমন বাংলার অনন্য হস্তশিল্পকে বিশ্বময় ছড়িয়ে দেওয়ার তৃপ্তি অনুভব করবেন, হস্তশিল্পীদের পরিশ্রম ও দক্ষতার যথাযথ মূল্য তাঁদের হাতে তুলে দিতে পারবেন, তেমনই নিজেও পাবেন উপার্জনের দিশা।

তবে এ ধরনের ব্যবসায় লাভের মুখ দেখতে হলে জিনিসের উন্নত মান সম্পর্কে ধারণা থাকতে হবে। থাকতে হবে শিল্পবোধ, সুরুচি, হস্তশিল্প বিষয়ে জ্ঞান এবং মানুষের পছন্দ সম্পর্কে স্পষ্ট ধারণা। প্রসঙ্গত, হস্তশিল্প ছাড়াও যে-কোনও সামগ্রীর ব্যবসা করা যায় এই অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে।

## দেশের মাটি

হাওড়ার পোশাক বিক্রেতা রকি লকডাউনের সময় সমমনস্ক বন্ধুদের নিয়ে পরিযায়ী শ্রমিকদের পাশে দাঁড়ান। এই কাজ করতে গিয়ে রকি খুঁজে পান করোনা-কালে আর্থিক ভাবে ভীষণই ক্ষতিগ্রস্ত মৃৎশিল্পীদের। প্রতিবন্ধকতা কাটিয়ে মৃৎশিল্পীদের ঘুরে দাঁড়ানোর জন্য রকির উদ্যোগে তৈরি হয় দেশের মাটি। এটি মৃৎশিল্পীদের জন্য একটা প্ল্যাটফর্ম। তাঁদের তৈরি মাটির বাসন, ঘর সাজানোর জিনিস, ঘড়ি ইত্যাদি যাবতীয় জিনিস বিক্রি হয় দেশের মাটি-র উদ্যোগে। মেদিনীপুর দিয়ে শুরু হলেও এখন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার মৃৎশিল্পীরা তাঁদের সঙ্গে জুড়ে গিয়েছেন।

যে-কোনও জায়গার মৃৎশিল্পীরা তাঁদের তৈরি জিনিস বিক্রির জন্য বা দেশের মাটি-র কাছ থেকে জিনিস কিনে ব্যবসা করার জন্য যোগাযোগ করুন এই নম্বরে: ৮৭৭৭০-৪৪৬৮৩। ফোন করার সময়: সকাল ১০টা থেকে সন্ধে ৮টা। ই-মেল: deshermaati20@gmail.com

## 'নেসেসিটি ই-স্টোর'

অঙ্কুর রায়চৌধুরী, সায়ম মুখোপাধ্যায়, সৌরভ কর, অর্কপ্রভ চৌধুরী, শিবম পাল, অরিজিৎ ধর, রাহুল দেব দত্ত ও সেখ সারজু— বাঁকুড়ার এই আটজন কলেজ পড়ুয়া মিলে তৈরি করেছেন নেসেসিটি ই-স্টোর। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্সের ছাত্র সেখ সারজু 'কর্মক্ষেত্র'-কে জানিয়েছেন, এই প্ল্যাটফর্ম তৈরি করার উদ্দেশ্য হস্তশিল্পীদের কর্মসংস্থান করা। তাঁদের তৈরি যাবতীয় জিনিস বিক্রি হয় নেসেসিটি ই-স্টোর-এর মাধ্যমে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার শিল্পীরা এই সংস্থার সঙ্গে জুড়ে গিয়েছেন। শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারতের যে-কোনও জায়গার শিল্পীরা তাঁদের তৈরি জিনিস বিক্রির জন্য বিনামূল্যে নেসেসিটি ই-স্টোর-এ নাম নথিভুক্ত করতে পারেন। আবার এঁদের কাছ থেকে হোলসেলে জিনিস কিনে ব্যবসাও করা যায়। হোলসেল ক্রেতাদের জন্য দাম যথাসাধ্য কম রাখা হয়। নেসেসিটি ই-স্টোর-এর কাছ থেকে জিনিস কিনে ব্যবসা করার জন্য বা এদের মাধ্যমে জিনিস বিক্রির জন্য যোগাযোগ করুন: ৮৯০৬৭-৭৫৮৭৫ অথবা ৮৬৩৭৮-০৫৪২৮ নম্বরে। ওয়েবসাইট: https//necessityestore.in ই-মেল: necessity.tcb@gmail.com

### চাহিদা বাড়ছে মাটির ডিনার সেট থেকে খেলনাবাটির


**রকি,** *কর্ণধার, দেশের মাটি*

গত বছর আমাদের স্বেচ্ছাসেবী দল 'উষ্ণতা' কোমর বেঁধে নেমেছিল পরিযায়ী শ্রমিকদের সাহায্য করার জন্য। সেই সময় কাজ করতে গিয়ে লক্ষ করেছিলাম মৃৎশিল্পীদের অবস্থা খুব খারাপ। মাটির থালা, বাটি, গ্লাস উৎসব ছাড়া এখন আর সেভাবে ব্যবহার করা হয় না। যদিও একসময় মাটির বাসনে রান্না হত, মাটির বাসনই নিত্য ব্যবহার করা হত। এগুলি ছিল পরিবেশবান্ধব এবং স্বাস্থ্যকর। কিন্তু গ্যাস, মাইক্রোওভেন ইত্যাদি আধুনিক ব্যবস্থায় মাটির বাসন তেমন সুবিধা করতে পারল না। আধুনিক ব্যবস্থার সঙ্গে পাল্লা দিতে আমরা চিন্তা শুরু করলাম কীভাবে মাটির পাত্র গ্যাস ছাড়াও মাইক্রোওভেনে ব্যাবহার করা যায়। কাজ শুরু করলাম মেদিনীপুরের মৃৎশিল্পীদের সঙ্গে। আলোচনা ও পরীক্ষা-নিরীক্ষার পরে মাটির ক্যাসারল, ওভেন ফ্রেন্ডলি হাঁড়ি, কড়াই, ডিনার সেট, জলের বোতল তৈরি করেছেন কারিগরেরা। নকশা করা মাটির থালা, বাটি, গ্লাসের পাশাপাশি, এগুলোর চাহিদা ক্রমশ বাড়ছে। এবারে জামাই ষষ্ঠীর আগে ডিনার সেটের এত বেশি অর্ডার আসে যে আমরা সব অর্ডার নিতে পারিনি। বুঝতে পারিনি, মানুষের মধ্যে এত চাহিদা তৈরি হয়েছে। ব্যাপক চাহিদা বেড়েছে মাটির খেলনাবাটির।

দেশের মাটি-র তৈরি করা ক্যাসারলে ৩৫ থেকে ৪০ মিনিট খাবার গরম থাকে। ওভেনফ্রেন্ডলি বাসনে প্রতিদিন রান্না করলেও ফাটবে না। বাসন পরিষ্কারে কোনও ঝামেলা নেই। পরিষ্কার করতে হবে লিকুইড ডিটারজেন্ট দিয়ে। তবে স্ক্রাবার নয়, ব্যবহার করতে হবে নরম কাপড়।

বাসনের পাশাপাশি অন্যান্য জিনিসও আছে। যেমন, পেনদানি, দেয়াল ঘড়ি, ঝোলানো টব, ঘর সাজানোর জিনিস ইত্যাদি। ৫০ টাকা থেকে শুরু করে ৫,০০০ টাকা পর্যন্ত দামের জিনিস আছে। বিক্রি থেকে প্রাপ্ত অর্থের সিংহভাগ দেওয়া হয় কারিগরদের, বাকি অংশ রাখা হয় 'উষ্ণতা'র জন্য। দুঃস্থ মানুষের পাশে দাঁড়ানোর জন্য সেই অর্থ ব্যয় করা হবে।

জিনিস ডেলিভারি দেওয়ার ক্ষেত্রেও আমরা নতুন এক উদ্যোগ নিয়েছি, পাশে পেয়েছি শিপকিয়া সংস্থাকে। করোনার জন্য কর্মহীন ছেলেরা হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনায় দেশের মাটি-র জিনিসপত্র ডেলিভারি দেওয়ার কাজ করেন। রাজ্যের বিভিন্ন জেলার মৃৎশিল্পীরা আমাদের সঙ্গে যোগাযোগ করছেন, যা দেশের মাটি-র জন্য সুখবর। পাশাপাশি যাঁরা শিল্পী নন, কিন্তু এই ধরনের জিনিস বিক্রি করে স্বনির্ভর হতে চান, তাঁরাও স্বাগত। হোলসেল ক্রেতাদের জন্য দাম যথাসাধ্য কম রাখার চেষ্টা করছি।



## 'আপণ'

উত্তরবঙ্গের রায়গঞ্জের শিক্ষিকা অর্পিতা ধরের ঘর সাজানোর শখ থাকায় প্রায়শই যেতেন দক্ষিণ দিনাজপুরের মুখা শিল্পীদের গ্রাম মহিষবাথানে। গত বছর লকডাউনের পরে শিল্পীদের খোঁজ করতে গিয়ে অর্পিতা জানতে পারেন করোনা-কালে আর্থিক ভাবে অত্যন্ত ক্ষতিগ্রস্ত হয়েছেন শিল্পীরা। তাঁদের উপার্জন মূলত নির্ভর করত বছরভর হওয়া মেলাগুলোর উপর। এই সময়কালে সেভাবে মেলা না হওয়ায় ক্রেতাদের কাছে তাঁরা পৌঁছতে পারেননি। প্রতিবন্ধকতা কাটিয়ে শিল্পীরা কীভাবে ঘুরে দাঁড়াতে পারেন, তার জন্য অর্পিতা চিন্তাভাবনা শুরু করেন, পাশে পান স্বামীকে। ধরদম্পতির উদ্যোগে তৈরি হয় আপণ। দক্ষিণ দিনাজপুরের শিল্পীদের তৈরি মুখোশ, উত্তর দিনাজপুরের শিল্পীদের তৈরি কার্পেট, বাঁশ, মাটির জিনিসপত্র ইত্যাদি বিক্রি হয় আপণ-এর উদ্যোগে। বর্তমানে রাজ্যের বিভিন্ন জেলা ও রাজ্যের বাইরেও যাচ্ছে আপণ-এর জিনিস। দুই দিনাজপুরের শিল্পীদের তৈরি জিনিস বিক্রির জন্য বা আপণ-এর কাছ থেকে হস্তশিল্প সামগ্রী কিনে ব্যবসা করার জন্য যোগাযোগ করুন এই নম্বরে: ৭০২৯১-৪২৮৫৫, ৮২৫০৩-৭৬৩৮০।

### শুধু অন্দরসজ্জা নয়, হস্তশিল্পকে মানুষের দৈনন্দিন জীবনের অংশ করে তোলাই আমাদের উদ্দেশ্য

**সেখ সারজু,** *সদস্য, নেসেসিটি ই-স্টোর*

পশ্চিমবঙ্গের প্রতিটি জেলা এক এক ধরনের হস্তশিল্পের জন্য পৃথিবীখ্যাত। দুর্ভাগ্য, উপযুক্ত পরিকাঠামোর অভাবে হস্তশিল্পীদের হাতের কাজ সকলের কাছে সব সময় পৌঁছতে পারে না। বাংলার শিল্পীরা অসাধারণ সব জিনিস তৈরি করেন কিন্তু যোগাযোগের মাধ্যম না থাকায় ক্রেতার কাছে পৌঁছয় না। করোনা-কালে এই সমস্যা আরও বেড়েছে। আবার অন্যদিকে, এই কোভিড সমস্যার জন্যই দোকানে যাওয়ার চেয়ে অনলাইনের মাধ্যমে কেনাকাটা করার ঝোঁক সকলের মধ্যেই কমবেশি বেড়েছে। তাই আমরাও এই পথ বেছে নিলাম। অনলাইনের মাধ্যমে হস্তশিল্পীদের জন্য একটা প্ল্যাটফর্ম তৈরি করে ফেললাম। ভারতের বিভিন্ন রাজ্য থেকে অর্ডার পাচ্ছি, পাশাপাশি বিদেশেও আমরা ডেলিভারি করেছি। এখন আমরা অনেক বেশি সাড়া পাচ্ছি, অনেক শিল্পী আমাদের সঙ্গে যুক্ত হচ্ছেন, পশ্চিমবঙ্গের বাইরের শিল্পীরাও যোগাযোগ করছেন। আমরা ধীরে ধীরে পুরো ভারতের সমস্ত ধরনের শিল্পী এবং শিল্পকর্মকে আমাদের ওয়েবসাইটের আওতায় আনার চেষ্টা করে যাচ্ছি। শুধুমাত্র শিল্পকর্ম কেনাবেচা নয়, হস্তশিল্পকে মানুষের দৈনন্দিন জীবনের অংশ করে তোলাই আমাদের উদ্দেশ্য। এই জন্যই আমাদের সংস্থার নামের সঙ্গে নেসেসিটি শব্দটা জুড়ে আছে। বিভিন্ন ব্যবসায়ীরা আমাদের সঙ্গে যুক্ত হচ্ছেন এবং এই লকডাউনে হস্তশিল্পকে আঁকড়ে ধরে নতুনভাবে কাজ শুরু করছেন। বিভিন্ন রেস্তোরাঁ, লজ, নতুন তৈরি ফ্ল্যাটের মালিকদের সঙ্গে আমরা যোগাযোগ করছি যাতে হস্তশিল্পের জিনিস সংগ্রহ করেন এবং সেগুলো অন্দরসজ্জার জন্য ব্যবহার করেন। অনেকে করছেনও। আমরা 'আমেরিকান ইনস্টিটিউট অব ইন্ডিয়ান স্টাডিজ' থেকে দু'বার আমন্ত্রিত হয়েছি ভারতীয় হস্তশিল্পকে বিশ্বের দরবারে পৌঁছে দেওয়ার জন্য। এই ইনস্টিটিউটে বিভিন্ন দেশের ছাত্ররা রয়েছেন যাঁরা ভারতীয় হস্তশিল্প ও সংস্কৃতি নিয়ে গবেষণা করছেন, সেখানে আমরা আমাদের উদ্যোগ এবং ভারতীয় হস্তশিল্পকে তুলে ধরার সুযোগ পেয়ে খুবই গর্বিত। পাশাপাশি 'শিল্পীকথা' নামে একটি লাইভ অনুষ্ঠান শুরু করেছি আমাদের ফেসবুক পেজে, যেখানে শিল্পীরা তাঁদের শিল্পকর্ম এবং তাঁদের অভিজ্ঞতার কথা তুলে ধরবেন।

শিল্পীদের সঙ্গে কথা বলে, তাঁদের কাছ থেকে জিনিস এনে, ক্রেতাদের সঙ্গে যোগাযোগ করে তাঁদের ক্যুরিয়ার করার দায়িত্ব সবটাই আমরা আটজন করি। কোনও মিডলম্যান নেই। আমাদের অ্যাপ, ওয়েবসাইট ও ফেসবুকে সব জিনিসের ছবি ও দাম দেওয়া আছে। সেখান থেকে দেখে যে কেউ টেরাকোটা, ডোকরা, ছৌ মুখোশ, মাটির বাসন, কাঠ, বাঁশের তৈরি বিভিন্ন জিনিস ইত্যাদির অর্ডার দিতে পারেন। হস্তশিল্পীদের সংস্থায় অন্তর্ভুক্ত হওয়ার জন্য কোনও মূল্য দিতে হয় না। শিল্পীদের কাছ থেকে জিনিস আনার সময় বা ক্রেতাকে ক্যুরিয়ার করে পাঠানোর সময় কোনও জিনিস ভেঙে গেলে তা হস্তশিল্পীর কাছে ফেরত পাঠানো হয় না, বরং তার পুরো দাম আমরা শিল্পীকে দিয়ে দিই। এছাড়া প্যাকিংয়ের যাবতীয় খরচ আমরা বহন করি। মূলত এই দুটি কারণের জন্য লভ্যাংশের পাঁচ থেকে দশ শতাংশ আমরা রাখি। যাঁরা নেসেসিটি ই-স্টোর-এর জিনিস বিক্রি করে স্বনির্ভর হতে চান সেই সব হোলসেল ক্রেতাদের জন্য দাম যথাসাধ্য কম রাখার চেষ্টা করছি।

### আপণ-এর প্রচেষ্টায় শিল্পীরা উপকৃত হচ্ছেন

**অর্পিতা ধর,** *প্রধান উদ্যোক্তা, আপণ*

পশ্চিমবঙ্গের অন্যতম প্রাচীন শিল্প মুখা। গত বছর লকডাউনের পরে দক্ষিণ দিনাজপুরের মুখাশিল্পীদের সঙ্গে কথা বলে বুঝেছিলাম, মেলা না থাকায় তাঁরা আর্থিক ভাবে বেশ দুর্বল হয়ে পড়েছেন। তাঁদের প্রতিকূল অবস্থা থেকে বের করে আনার জন্য আমার ছোট্ট প্রয়াস আপণ। শিল্পীদের সঙ্গে কাজ করতে গিয়ে বুঝেছি, অর্ডার পাওয়ার পর প্রত্যন্ত গ্রাম থেকে শহরে এসে ক্যুরিয়ার করা তাঁদের পক্ষে সম্ভব নয়। সেই দায়িত্বটা নিয়েছি। ক্রেতা ও বিক্রেতার মধ্যে যোগসূত্র করে দেওয়াই আমাদের কাজ। মুখোশ দিয়ে শুরু করলেও এখন আমরা উত্তর দিনাজপুরের মালগাঁওয়ের উলের কার্পেট শিল্পী ও কুনোর মৃৎশিল্পীদের সঙ্গে যোগাযোগ করে তাঁদের তৈরি শিল্পসামগ্রীও আপণ-এ রাখছি। সব শিল্পসামগ্রীর ছবি, আয়তন, শিল্পীদের নাম ও তথ্য ফেসবুকে আপণ-এর পেজে দেওয়া থাকে। ক্রেতা সেখান সেখান থেকে দেখে অর্ডার দিতে পারেন আবার কাস্টমাইজড প্রোডাক্টও তৈরি করা হয়। মুখোশের পাশাপাশি, উলের কার্পেট, মাটির বাসন, গয়না, মাটির মুখোশ ইতিবাচক সাড়া পেয়েছে। এই প্রচেষ্টায় শিল্পীরা উপকৃত হচ্ছেন। উত্তর ও দক্ষিণ দিনাজপুরের শিল্পীদের পাশাপাশি গোটা দেশের হোলসেল ক্রেতারা আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। সেক্ষেত্রে দাম যথাসাধ্য কম রাখার চেষ্টা করা হবে।



## শিল্পগ্রাম

শান্তিনিকেতনের মেয়ে হলেও বর্তমানে দিল্লিতে থাকেন মৌপিয়া সিংহ। করোনার জন্য প্রথম বারের লকডাউনে দেশজুড়ে পরিযায়ী শ্রমিকদের বিপন্ন অবস্থা নাড়িয়ে দেয় তাঁকে। এদের মধ্যে অনেকেই আছেন শিল্পী, যাঁরা নিজের রাজ্য ছেড়ে অন্য রাজ্যে গিয়েছেন কাজের সন্ধানে। মৌপিয়া নিজে হস্তশিল্পের জিনিস পছন্দ করেন এবং প্রতিদিনের ব্যবহারে ও অন্দরসজ্জায় ব্যবহার করেন। কিন্তু তিনি লক্ষ করেছিলেন, হস্তশিল্পের যত বাহার আমাদের দেশে আছে, ততটা প্রচার নেই। একটি দেশের নাগরিক হয়েও আমরা পরস্পরের রাজ্যের শিল্প সম্পর্কে বিশেষ জানি না। হস্তশিল্প সামগ্রীর প্রচার ও হস্তশিল্পীদের উপার্জনে সাহায্য করার ইচ্ছে নিয়ে মৌপিয়ার অনলাইন প্ল্যাটফর্ম শিল্পগ্রাম-এর সূচনা। শিল্পীরা তাঁদের তৈরি সামগ্রীর ছবি মৌপিয়াকে পাঠালে তিনি সেটির মান ও দাম যাচাই করে সোশ্যাল মিডিয়ায় শিল্পগ্রামের অনলাইন পেজে পোস্ট করেন। আগ্রহী ক্রেতারা তাঁর সঙ্গে যোগাযোগ করলে শিল্প, শিল্পী ও দাম সম্পর্কে জানান। মৌপিয়া ক্রেতাদের চাহিদার কথা শিল্পীদের কাছে পৌঁছে দেন। শিল্পীরাই ক্যুরিয়ার করে পাঠিয়ে দেন ক্রেতাকে। মৌপিয়া মিথিলার মধুবনী গ্রামের শিল্পীদের কাজ, পিংলার পটচিত্র শিল্পীদের কাজ, বাঁকুড়ার বিকনা ও বর্ধমানের ডোকরা শিল্পীদের কাজ, বীরভূমের কাঁথাশিল্পীদের কাজ এবং রাজস্থানের কিছু হস্তশিল্পীদের কাজ বিপণন করেন তাঁর প্ল্যাটফর্মের মাধ্যমে। বর্তমানে ভারতের বিভিন্ন রাজ্যে যাচ্ছে শিল্পগ্রাম-এর জিনিস। চাহিদা বাড়ছে।

হস্তশিল্পীরা শিল্পগ্রাম-এর সঙ্গে যোগাযোগ করতে বা শিল্পগ্রাম-এর কাছ থেকে জিনিস কিনে ব্যবসা করার জন্য যোগাযোগ করুন এই নম্বরে: ৮৮৬০৫-৫৯৩৫০ অথবা এই ই-মেল আই ডিতে: moupias17@gmail.com

### হস্তশিল্পীদের কাজ ক্রেতার কাছে পৌঁছে দেওয়াই শিল্পগ্রাম-এর কাজ

**মৌপিয়া সিংহ,** *কর্ণধার, শিল্পগ্রাম*

নিজে হস্তশিল্প সামগ্রী পছন্দ করি বলে, দীর্ঘদিন ধরেই কাঁথাশিল্পী, মধুবনী শিল্পীদের সঙ্গে যোগাযোগ ছিল। করোনার প্রথম ধাক্কায় তাঁরা অনেকেই কাজ হারিয়ে ফেলেছিলেন। অনুরোধ করেছিলেন কিছু কাজ দিতে। সেই সময় শিল্পীদের অবস্থা আমাকে ভাবিয়েছিল। মূলত সেই তাগিদ থেকেই শিল্পগ্রাম-এর সূচনা। বর্তমানে মধুবনী, বিকনা, পিংলা, বীরভূম, বর্ধমান, রাজস্থানের হস্তশিল্পীদের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করি। আমি চাই পরিধি আরও বড় হোক। এই কাজে সামান্য লভ্যাংশ রেখে পুরোটাই দিই শিল্পীদের। বেশি লাভ রাখার কথা চিন্তা করলে জিনিসের দাম বাড়াতে হবে, তাতে বিক্রি কমে যাবে, শিল্পীরা বঞ্চিত হবেন। আমি শিল্পীদের সঙ্গে কাজ করতে গিয়ে দেখেছি, কীভাবে নিজের জিনিস প্রচার করবেন তাঁর দিশা তাঁরা খুজে পান না, সেই কাজটা আমি পুরোটাই করি। শিল্পগ্রাম শুধু ঘর সাজানোর জিনিস নয়, মধুবনী পেন্টিং করা বা বীরভূমের কাঁথস্টিচ করা শাড়ি ও পোশাক, পিংলার পটচিত্রের টি-শার্ট, ফুলদানি, কাঠের বাসন, ট্রে ইত্যাদি, ডোকরার মূর্তি, গয়না, রাজস্থানী পুতুল ইত্যাদি সবই বিপণন করে। পশ্চিমবঙ্গের পাশাপাশি মহারাষ্ট্র, বেঙ্গালুরু, চেন্নাই, হায়দরাবাদ থেকে ক্রেতাদের অর্ডার আসছে। এই প্রচেষ্টায় শিল্পীরা উপকৃত হচ্ছেন। পশ্চিমবঙ্গ ও রাজ্যের বাইরে শিল্পীদের পাশাপাশি গোটা দেশের হোলসেল ক্রেতারা শিল্পগ্রাম-এর সঙ্গে যোগাযোগ করতে পারেন। হোলসেলারদের জন্য দাম যথাসাধ্য কম রাখার চেষ্টা করা হবে।

# নিউক্লিয়ার পাওয়ারে ১২১

*প্রথম পাতার পর*

টার্নার: ৭টি, মেশিনিস্ট: ৬টি, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং মেকানিক: ৬টি।

**ক্যাটেগরি অনুসারে আসনবিন্যাস:** সাধারণ ৫১টি, তফসিলি জাতি ৮টি, তফসিলি উপজাতি ১৮, ও বি সি ৩২, আর্থিক ভাবে অনগ্রসর ১২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১৫-৭-২০২১ তারিখে ১৪ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: অন্তত ১৩৭ সেমি, বুকের ছাতি অন্তত ৩.৮ সেমি ফোলানোর ক্ষমতা থাকতে হবে। ওজন: অন্তত ২৫.৪ কেজি হতে হবে।

**স্টাইপেন্ড:** পি এ এস এ এ/সি ও পি এ এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৭,৭০০ টাকা। বাকি সবক'টি ট্রেডের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৮,৮৫৫ টাকা।

আই টি আইয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

প্রথমে প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.org রেজিস্ট্রেশন নম্বরটি লিখে রাখবেন। এর পর আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.npcil.nic.in পূরণ করবেন যথাযথ ভাবে।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓এক কপি পাসপোর্ট মাপের ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓বয়স, শিক্ষাগত যোগ্যতা-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓ক্যারেক্টার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন কপির স্বপ্রত্যয়িত নকল।

১৫ জুলাইয়ের মধ্যে আবেদনপত্র পৌঁছতে হবে এই ঠিকানায়: Manager(HRM), NUCLEAR POWER CORPORATION OF INDIA LIMITED, KAKRAPAR GUJARAT SITE, Anumala-394651, Ta. Vyara, Dist. Tapi, Gujarat.

# রাষ্ট্রীয় ইস্পাত নিগমে ৩১৯ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

ট্রেনিংয়ের জন্য অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vizag steel.com দরখাস্তের শেষ তারিখ ১৭ জুলাই। প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। জি এস টি অতিরিক্ত। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। পরীক্ষায় বসলে তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ফি-এর টাকা ফেরত পাবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। পূরণ করা আবেদনের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন সংশ্লিষ্ট সংস্থার ওয়েবসাইট।

# বর্ডার সিকিউরিটি ফোর্সে ১০৯

*প্রথম পাতার পর*

**কনস্টেবল ট্রেডসম্যান (ওয়ার্ড বয়/ওয়ার্ড গার্ল/আয়া):** শূন্যপদ ৯টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই বা ভোকেশনাল ইনস্টিটিউট থেকে এক বছরের সার্টিফিকেট কোর্স পাশ-সহ ১ বছরের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে দু'বছরের আই টি আই ডিপ্লোমা থাকতে হবে। পাশাপাশি, অবশ্যই ট্রেড টেস্ট পাশ করে থাকতে হবে। প্রার্থীর একাধিক বিষয়ে দক্ষতা থাকলে অগ্রাধিকার।

**ভেটেরিনারি স্টাফ: হেড কনস্টেবল (ভেটেরিনারি):** শূন্যপদ ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক পাশ। সেই সঙ্গে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভেটেরিনারি স্টক অ্যাসিস্ট্যান্ট বিষয়ে এক বছরের কোর্স পাশ-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**কনস্টেবল (কেনেলম্যান):** শূন্যপদ ১৫টি (সাধারণ ৯, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে কোনও সরকারি ভেটেরিনারি হসপিটাল বা ডিসপেন্সারি অব ভেটেরিনারি কলেজ বা গভর্নমেন্ট ফার্মে পশু দেখভালের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** কনস্টেবল ট্রেডসম্যান পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে, সাব ইনস্পেক্টর পদের ক্ষেত্রে ২১ থেকে ৩০ বছরের মধ্যে এবং বাকি সবক'টি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bsf.gov.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ জুলাই।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুরসভায় ডাক্তার *প্রথম পাতার পর*

**বেতন:** পূর্ণ সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ৬০,০০০ টাকা এবং আংশিক সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ২৪,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in

**ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন এই সব নথি:** ✓প্রার্থীর এক কপি ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন এবং ফটোর ওপর সই করে দেবেন। ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল ✓সচিত্র পরিচয়পত্র হিসেবে ভোটার কার্ড বা পাসপোর্টের নকল। ✓স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড বা আধার কার্ড বা পাসপোর্টের নকল।

আসল নথিপত্রগুলিও সঙ্গে নিয়ে যাবেন। ইন্টারভিউ ৬ জুলাই, সকাল সাড়ে ১১টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Room No. 254, 2nd Floor, PMU, Kolkata City NUHM Society, 5, S.N.Banerjee Road, Kolkata-700013.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনিক্যাল টিচার্স ট্রেনিং অ্যান্ড রিসার্চ

# অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে ৮ জনকে নেবে কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনিক্যাল টিচার্স ট্রেনিং অ্যান্ড রিসার্চ। নিয়োগ করা হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 05/2021-22.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nitttrkol.ac.in দরখাস্তের শেষ তারিখ ১৯ জুলাই।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**কর্মক্ষেত্র**

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

**কর্মখালি**

**এয়ারপোর্ট ও ব্যাঙ্কে জব**

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে** কন্ট্রাক্টরের অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 18,300/- – 43,500/-, থাকা খাওয়া ফ্রী। N. D. C. Avenue, Kol-07, (M): 83709-73452.

□

**URGENT RECRUITMENT**

**সারা বাংলায় Pvt Bank DSA-এ স্থায়ী** বিভিন্ন পদে Male/Female কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা 10th-Graduated (+) Salary 15,300/- - 30,700/- Age: 21-32. Cont: 94773-59718 (Time: 9 AM - 8 PM).

□

**আর্জেন্ট কাজের সুযোগ**

**এই সর্বপ্রথম পঃবঙ্গের Govt. RL No-8250 প্রাপ্ত** Airport ও ব্যাঙ্কে কন্ট্রাক্টরের অধীনে 7 দিনে স্পট জয়েনিং। যোগ্যতা ৮ম-স্নাতক। বেতন: 17,400/- – 43,900/-, Ex আর্মির বিশেষ সুযোগ। S. J. S., Kol-9, (M): 94331-70236.

শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কোলকাতা
Syama Prasad Mookerjee Port, Kolkata
(Formerly KOLKATA PORT TRUST)

**শ্যামা প্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা ৪৫০০০ টাকার** মাসিক পারিশ্রমিকে **চুক্তির ভিত্তিতে ২ (দুই) জন সিনিয়র অ্যাকাউন্টস অফিসার নিয়োগের জন্য আবেদন আহ্বান করছে।** আবেদনের বয়ান এবং সংক্ষিপ্ত **নিয়ম ও শর্তাবলী** ট্যাব 'ভ্যাকান্সি'-র অধীনে www.smportkolkata.shipping.gov.in-এ পাওয়া যাবে। আবেদন ১৫.০৭.২০২১ তারিখের মধ্যে recruitment.fa@kolkataporttrust.gov.in - এ পাঠাতে হবে।

**ON LINE MBA, BBA,**
**BA, B Com, MA, M Com, BCA, MCA**
FROM
**AICTE / UGC RECOGNISED GOVT. UNIVERSITIES**

**Earning with Learning + 2yrs JOB Experiences**

**B.Com with Apprenticeship / Internship on JOB Training. From 2nd Year with Salary ₹8,000/- per month - ₹12,000/- per month**

**Diploma in CYBER SECURITY**
**Diploma in ARTIFICIAL INTELLIGENCE + MACHINE LEARNING (Duration - 6 months)**
**Job Support after Course**
**Salary - 4 Lakh - 12 Lakh per annum**

**Certificate in DIGITAL MARKETING / GST / Computer Accounting**

**For Details Contact : G. E. CENTER**
**8335877777 / 9007170572 / 8017888245**

adda247
A Unit of banker's adda
CAREER POWER™
AN IIT/IIM ALUMNI COMPANY

**RISHRA (HOOGHLY) ● DURGAPUR**

**Apx. 10000 VACANCY EXPECTED IN WB SCHOOL SERVICE COMMISSION GROUP - 'C' & 'D'** (Class-VIII / Class-X Pass Students)

**Online & Offline Fresh Batch Available both from 7th July, 2021**

**Mock Test + Study Materials Available**

**15000+ VACANCY IN**
**IBPS RRB** (Clerk + PO) Online & Offline Fresh Batch for both from 8th July, 2021

**SSC CGL + RAIL - NTPC GROUP-D**
Online & Offline Fresh Batch Available both from 9th July, 2021

**DFCCIL & SSC JE** (Electrical / Civil / Mechenical / Electronics)
(Online Batch Available)

**Fresh Batch Available for WBCS - Online + Offline**

**IAS - Online 2years course**
Preliminary - Paper I & Paper II
Mains - Paper I, II, III & IV, Compulsory English

For Details Contact : **8335877777 / 8017888245 / 9007170572**

# কারেন্ট অ্যাফেয়ার্স

১ জুন-৫ জুন

**১ জুন** করোনা অতিমারির জন্য বাতিল হয়ে গেল সিবিএসই-র দ্বাদশ শ্রেণির পরীক্ষা। বাতিল হয়ে গিয়েছে আইএসসি পরীক্ষাও। নয়াদিল্লিতে পরীক্ষা-সংক্রান্ত একটি বৈঠকের পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জানান, করোনা আবহে পরীক্ষার্থীদের স্বাস্থ্যের কথা ভেবে দ্বাদশের পরীক্ষা বাতিল করা হয়েছে। এই ঘোষণার পরেই কাউন্সিল ফর দ্য ইন্ডিয়ান স্কুল সার্টিফিকেট এগজামিনেশনের সচিব জেরি অ্যারাথুন জানান, তাঁদেরও দ্বাদশের পরীক্ষা (আইএসসি) বাতিল করা হল। স্কুলের অভ্যন্তরীণ মূল্যায়নের ভিত্তিতে চূড়ান্ত মূল্যায়ন হবে। কোনও পরীক্ষার্থী তাতে সন্তুষ্ট হতে না-পারলে পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর তিনি পরীক্ষা দিতে পারবেন।

**১৯৫৫ সালের নাগরিকত্ব আইন অনুযায়ী** আফগানিস্তান, বাংলাদেশ, পাকিস্তান থেকে আসা অ-মুসলিম সংখ্যালঘুদের নাগরিকত্ব দিতে স্বরাষ্ট্র মন্ত্রকের জারি করা বিজ্ঞপ্তির বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা করল ইন্ডিয়ান ইউনিয়ন মুসলিম লিগ। কেন্দ্র দাবি করেছে, এর সঙ্গে ২০১৯ সালে তৈরি হওয়া বিতর্কিত নাগরিকত্ব সংশোধনী আইনের কোনও সম্পর্ক নেই। কিন্তু ঘুরপথে ওই আইনই কার্যকর করার চেষ্টা হচ্ছে বলে বিরোধীদের একাংশ অভিযোগ করেছে।

## ভারত-চিন নিজেরাই সমস্যা মেটাতে সক্ষম, জানালেন পুতিন



**৫ জুন:** ভারত-চিন সম্পর্কের মধ্যে যে সমস্ত সমস্যা রয়েছে তা ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও চিনা প্রেসিডেন্ট শি চিনফিং নিজেরাই মিটিয়ে নিতে পারবেন বলে মন্তব্য করলেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। একটি আন্তর্জাতিক সংবাদমাধ্যমের সঙ্গে এক সাক্ষাৎকারে পুতিন বলেন, 'আমি জানি ভারত ও চিনের মধ্যে কিছু সমস্যা রয়েছে। প্রতিবেশী দেশগুলির মধ্যে নানা সমস্যা থাকে। ভারতীয় প্রধানমন্ত্রী ও চিনা প্রেসিডেন্টের দৃষ্টিভঙ্গিও আমি জানি। তাঁরা খুবই দায়িত্বজ্ঞানসম্পন্ন ও একে অপরের প্রতি শ্রদ্ধাশীল। তাই দুই নেতা যে-কোনও সমস্যা মিটিয়ে ফেলতে পারবেন বলেই আমি মনে করি। তবে ওই অঞ্চলের বাইরের কোনও শক্তির এই বিষয়ে নাক গলানো উচিত নয়।' নাম না করলেও রুশ প্রেসিডেন্টের ইঙ্গিত আমেরিকার দিকে বলেই মনে করছেন কূটনীতিকরা।

**২ জুন** রাজ্য সরকার জানাল করোনায় মৃতের দেহ এ বার পাবেন তাঁর পরিজন। স্বাস্থ্য দপ্তরের এক নির্দেশিকায় জানানো হয়েছে, হাসপাতালে দেহ হস্তান্তর এবং শেষকৃত্যের সময় শুধু ছ'জন নিকটাত্মীয় উপস্থিত থাকতে পারবেন। নতুন নির্দেশিকায় নিয়ম শিথিল করে বলা হয়েছে, পরিজন চাইলে প্রিয়জনের দেহ নিজেদের শহর বা গ্রামে নিয়ে গিয়ে শেষকৃত্য করতে পারবেন। তবে তার জন্য নোডাল অফিসারের অনুমতি নিতে হবে।

**বিদেশ থেকে প্রতিষেধক আমদানির** ক্ষেত্রে নিয়ম আরও শিথিল করল ড্রাগস কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়া (ডিসিজিআই)। নতুন নিয়মে আমদানি করা প্রতিষেধকের প্রতিটি ব্যাচের নমুনা পরীক্ষা আর এখন থেকে হিমাচলপ্রদেশের কসৌলির সেন্ট্রাল ড্রাগস ল্যাবরেটরি (সিডিএল)-তে হবে না বলে ডিসিজিআই জানিয়েছে। ইতিমধ্যেই ব্রিটেন, আমেরিকা, জাপান, ইউরোপীয় ইউনিয়ন কিংবা বিশ্ব স্বাস্থ্য সংস্থার ছাড়পত্র পাওয়া প্রতিষেধকগুলিকে ভারতে পরীক্ষামূলক প্রয়োগ না-করেই সরাসরি বিক্রির অনুমতি দিয়েছে ডিসিজিআই। সূত্রের মতে, ভারতে প্রতিষেধক বিক্রি নিয়ে ফাইজার ও মডার্না এখনও দর কষাকষি চালিয়ে যাচ্ছে বলেই নিয়মে আরও ছাড় দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।



"কয়েকদিন আগেই আমাদের নজরে এসেছে (ভুয়ো টিকাকরণের) বিষয়টি। এমন একটি অমানবিক কাজ করেছে, যা দেবাঞ্জনের মানসিক বিকৃতি ছাড়া কিছুই নয়। এর জন্য শহরবাসীর সাহায্যে পুলিশ প্রশাসন তার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে, গ্রেপ্তারও করেছে। এটা কী ভাবে হল, তা দেখে ব্যবস্থা নিচ্ছি আমরা।"

সৌমেন মিত্র, *কলকাতার পুলিশ কমিশনার*
ভুয়ো টিকাকরণের তদন্তে নেমে

## জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান হলেন অরুণ মিশ্র



**২ জুন:** সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি অরুণ মিশ্র জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান হলেন। ২০১৯-এ মানবাধিকার আইন সংশোধনের পরে এই প্রথম কেউ ওই পদে এলেন যিনি প্রধান বিচারপতির পদে ছিলেন না। **ইন্টেলিজেন্স ব্যুরোর প্রাক্তন প্রধান** রাজীব জৈন এবং জম্মু ও কাশ্মীর হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি এম এম কুমারও কমিশনের সদস্য হিসেবে কাজে যোগ দিয়েছেন। প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান, লোকসভার স্পিকার ও রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খড়্গেকে নিয়ে তৈরি কমিটির সুপারিশে অরুণ মিশ্রকে নিয়োগ করা হয়েছে।

**৩ জুন** পরমাণু চুক্তির সম্ভাবনা নিয়ে আমেরিকার সঙ্গে বোঝাপড়া অনেকটাই এগিয়েছে বলে জানালেন ইরানের প্রেসিডেন্ট হাসান রৌহানি। মন্ত্রিসভার বৈঠকে তিনি বলেছেন, 'আমেরিকার সঙ্গে এই বিষয়ে আলোচনায় আমাদের প্রধান প্রধান সমস্যাগুলির সমাধান মিলেছে। কিছু বিষয় নিয়ে আলোচনা বাকি। তা মিটলেই চুক্তির অগ্রগতি সম্পর্কে জানাতে পারব।' উল্লেখ্য, ইরান গোপনে পারমাণবিক অস্ত্র তৈরি করছে, এই অভিযোগে ২০১৮ সালে পরমাণু চুক্তি ভেঙে বেরিয়ে গিয়েছিল আমেরিকা।

**নেপালকে ৮ লক্ষ কোভিড টিকার ডোজ** পাঠাল চিন। গত ২৬ মে নেপালের প্রেসিডেন্ট বিদ্যাদেবী ভান্ডারীকে চিন ১০ লক্ষ ডোজ পাঠানোর আশ্বাস দিয়েছিল। গত মার্চেও দেশীয়ভাবে তৈরি 'ভেরো সেল' ভ্যাকসিনের ৮ লক্ষ ডোজ নেপালকে পাঠিয়েছিল বেজিং।

## কাজ না করেই কৃতিত্বের দাবি কেন্দ্রের: অমর্ত্য সেন



**৫ জুন:** ঠিক মতো কাজ না করেই কৃতিত্ব দাবি এবং তার জেরেই দেশে করোনা অতিমারি লাগামছাড়া হয়েছে বলে মন্তব্য করলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন। মুম্বইয়ে রাষ্ট্রীয় সেবা দলের এক অনুষ্ঠানে তিনি বলেন, ভারতের করোনা পরিস্থিতির মোকাবিলায় মোদী সরকার সম্পূর্ণ 'ব্যর্থ' এবং তার ফলেই দেশের করোনা সংক্রমণ এত ভয়াবহ আকার নিয়েছে। চলতি বছরের গোড়ার দিকেই করোনা জয় হয়ে গিয়েছে বলে মোদী সরকারের প্রচারকে কটাক্ষ করে তিনি বলেন, 'সংশয়ে ভুগতে থাকা সরকার অতিমারি প্রতিরোধে নজর দেওয়ার তুলনায়, যেটুকু কাজ হয়েছে, তার কৃতিত্ব দাবি করতেই বেশি ব্যস্ত ছিল। তাই সমস্যা বেড়েছে।' অর্থনীতিবিদ অ্যাডাম স্মিথ-কে উদ্ধৃত করে তাঁর মন্তব্য, 'কাজ না করে কৃতিত্ব নেওয়ার চেষ্টা কম বুদ্ধির লক্ষণ। ভারত সেটাই করেছে।'

**আন্তর্জাতিক টিকা উৎপাদক সংস্থা** ফাইজার এবং মডার্নার পর ভারতের সিরাম ইনস্টিটিউটও কেন্দ্রের কাছে আইনি রক্ষাকবচের আবেদন করল। এই রক্ষাকবচ থাকলে টিকা দেওয়ার পরে কোনও বিরূপ প্রতিক্রিয়া হলে তার জন্য সংশ্লিষ্ট সংস্থার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া যাবে না। সংস্থাটি ক্ষতিপূরণ দিতেও বাধ্য থাকবে না। সিরাম অন্যান্য টিকার পাশাপাশি রাশিয়ার স্পুটনিক-ভি উৎপাদন করতে চেয়ে ড্রাগস কন্ট্রোলার জেনারেল অব ইন্ডিয়া (ডিসিজিআই)-এর কাছে আবেদনও করেছে। অন্যদিকে, হায়দরাবাদের বায়োলজিক্যালকেই ৩০ কোটি টিকা সরবরাহের বরাত দিয়েছে কেন্দ্র। তার জন্য সংস্থাটিকে ১৫০০ কোটি টাকা অগ্রিম দেওয়া হবে।

**৪ জুন** মেক ইন ইন্ডিয়া প্রকল্পের আওতায় এবার দেশীয় ভাবে সাবমেরিন তৈরির উদ্যোগ নিল ভারত। ৪৩ হাজার কোটি টাকায় ৬টি সাবমেরিন তৈরির জন্য ছাড়পত্র দিয়েছে ডিফেন্স অ্যাকুইজিশন কাউন্সিল। এর আগে, রাশিয়া থেকে ১০ বছরের জন্য লিজে নেওয়া হয়েছিল ভারতের একমাত্র পরমাণু আক্রমণে সক্ষম সাবমেরিন আইএনএস চক্র-কে। মেয়াদ শেষের ১০ মাস আগেই অবশ্য রাশিয়ায় ফিরে যাচ্ছে এই ডুবোজাহাজ।

**অতিমারির কারণেই পশ্চিমবঙ্গে** মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা বাতিলের সুপারিশ করল রাজ্য সরকারের গড়া ছয় সদস্যের বিশেষজ্ঞ কমিটি। কমিটির রিপোর্ট এদিন জমা পড়ে স্কুল শিক্ষা দপ্তরে। বিশেষজ্ঞদের রিপোর্টে বলা হয়েছে, করোনা আবহে পড়ুয়াদের স্কুলে গিয়ে পরীক্ষা দেওয়া বাস্তবসম্মত নয়। উল্লেখ্য, দিল্লির দুই বোর্ড সিবিএসই এবং সিআইএসসিই-র দ্বাদশ শ্রেণির (আইএসসি) চূড়ান্ত পরীক্ষা আগেই বাতিল করা হয়েছে।

**অবসরপ্রাপ্ত কোনও আমলাকে সরকারি** উপদেষ্টার পদে বসাতে হলে এ বার থেকে ভিজিল্যান্সের ছাড়পত্র নিতে হবে বলে কেন্দ্রীয় ভিজিল্যান্স কমিশন নতুন নির্দেশ জারি করল। কয়েকদিন আগেই পশ্চিমবঙ্গের মুখ্যসচিবের পদ থেকে অবসর নেওয়ার পরে আলাপন বন্দ্যোপাধ্যায়কে রাজ্যের মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা হিসেবে নিয়োগ করা হয়েছে। তাঁকে নিয়ে কেন্দ্র-রাজ্য সংঘাতের মধ্যে কেন্দ্রীয় ভিজিল্যান্স কমিশনের এই নতুন নির্দেশ ঘিরে বিতর্ক তৈরি হয়েছে। কেন্দ্রীয় সরকারি সূত্রের অবশ্য দাবি এর সঙ্গে রাজ্যের কোনও সম্পর্ক নেই। কমিশনের এই নির্দেশ মূলত কেন্দ্রীয় সরকার বা কেন্দ্রের রাষ্ট্রায়ত্ত সংস্থা থেকে অবসর নেওয়া অফিসারদের জন্য।

**৫ জুন** ন্যাশনাল গ্রিন ট্রাইব্যুনালের রেজিস্ট্রার জেনারেল হিসেবে নিযুক্ত হলেন অতিরিক্ত দায়রা আদালতের বিচারক বিদ্যা প্রকাশ। সম্প্রতি করোনায় আশু গর্গের মৃত্যুর পর থেকেই ওই পদ খালি ছিল। ২৯ মে বিদ্যা ডেপুটেশনে যোগ দিয়েছিলেন। এদিন প্রকাশিত খবরে বলা হয়েছে আপাতত তাঁর কার্যকালের মেয়াদ একবছর।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক হলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এর ফলে চেয়ারপার্সন মমতা বন্দ্যোপাধ্যায়ের পরেই দলে তিনি দ্বিতীয় স্থানে চলে এলেন। দলীয় পদ পাওয়ার পরে এক সাক্ষাৎকারে অভিষেক বলেন, 'সংগঠনের কাজ করে দলকে আগামীদিনে অন্তত ১০টি রাজ্যে ছড়িয়ে দেওয়ার চেষ্টা করব।'

**আফ্রিকার বুরকিনা ফাসোয় এক** সন্ত্রাসবাদী হামলায় কমপক্ষে ১০০ জন সাধারণ মানুষের প্রাণহানি হল। সংবাদ সংস্থার খবর, সন্ত্রাসবাদীরা রাতের অন্ধকারে দেশের উত্তরাঞ্চলে মালির সীমান্তবর্তী ইয়াগা প্রদেশের সোলহান শহরে ওই হামলা চালায়। নিহতদের মধ্যে রয়েছেন বিভিন্ন বয়সি মানুষ। নিরাপত্তা আধিকারিকরা জানিয়েছেন, হামলার প্রতিরোধে নেমেছিল বুরকিনা ফাসোর সন্ত্রাসবাদ-বিরোধী সংগঠন 'ডিফেন্স অব মাদারল্যান্ড'। কিন্তু জঙ্গিরা ছিল যথেষ্ট শক্তিশালী। ঘটনার পরে কোনও জঙ্গিগোষ্ঠী হামলার দায় স্বীকার করেনি।

## কেন্দ্রের টিকা নীতিকে খামখেয়ালি তকমা সুপ্রিম কোর্টের



**২ জুন:** মোদী সরকারের টিকাকরণ নীতিকে 'খামখেয়ালি' ও 'অযৌক্তিক' তকমা দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের বিচারপতিদের বক্তব্য, স্বাস্থ্যকর্মী বা ৪৫ বছরের বেশি বয়সিদের বিনামূল্যে টিকা দেওয়া হবে, কিন্তু ৪৫-এর কম বয়সিদের টিকার খরচ রাজ্যকে জোগাতে হবে অথবা তাঁদের বেসরকারি হাসপাতালে গিয়ে টাকা দিয়ে টিকা নিতে হবে— এই নীতি আপাতভাবে খামখেয়ালি ও অযৌক্তিক। আইনজীবীরা সুপ্রিম কোর্টের এই পদক্ষেপকে অভূতপূর্ব বলেই বর্ণনা করেছেন। বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ এদিন কার্যত মোদী সরকারের টিকাকরণ নীতির সমস্ত হিসাবপত্র দেখতে চেয়েছে। কবে কোন টিকার কত বরাত দেওয়া হয়েছে, কবে তা পাওয়া যাবে, শহরের পাশাপাশি গ্রামের কতজন টিকা পেয়েছেন, বাকিরা কবে পাবেন, সব কিছুরই হিসাব দিতে হবে।

## সাংবাদিকদের রক্ষাকবচে জোর দিল শীর্ষ আদালত



**৩ জুন:** প্রবীণ সাংবাদিক বিনোদ দুয়ার বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহিতার মামলা খারিজ হয়ে গেল সুপ্রিম কোর্টে। শীর্ষ আদালতের মতে, ভিন্ন মত প্রকাশ করা রাষ্ট্রদ্রোহিতা নয়। এ দেশের সমস্ত সাংবাদিকের এই ব্যাপারে রক্ষাকবচের অধিকার রয়েছে। এদিন দেশের শীর্ষ আদালত ফের সে কথা স্পষ্ট করে দিয়ে মনে করাল, ১৯৬২ সালে কেদারনাথ সিংহ মামলার রায়ে সুপ্রিম কোর্টই এই নির্দেশ দিয়ে রেখেছে। উল্লেখ্য, সাংবাদিক দুয়া কোভিড মোকাবিলায় ব্যর্থতা নিয়ে প্রধানমন্ত্রীর সমালোচনা করেছিলেন। তাঁর বিরুদ্ধে হিমাচলপ্রদেশে এক বিজেপি নেতা রাষ্ট্রদ্রোহিতার অভিযোগে এফআইআর দায়ের করেন। দুয়া সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়ে সুরাহা চেয়েছিলেন। এদিন বিচারপতি উদয় উমেশ ললিত ও বিচারপতি বিনীত সরণের বেঞ্চ জানিয়েছে, কেদারনাথ সিংহ মামলার রায়ে সুপ্রিম কোর্ট আগেই বলে রেখেছে, ভিন্ন মত প্রকাশ রাষ্ট্রদ্রোহিতা নয়।

## লর্ডসে অভিষেক টেস্টে নজির গড়লেন কনওয়ে




**৩ জুন:** ইংল্যান্ডের লর্ডসে অভিষেক টেস্টেই ডাবল সেঞ্চুরি করে ইতিহাস গড়লেন নিউজিল্যান্ডের বাঁ-হাতি ওপেনিং ব্যাটসম্যান ডেভন কনওয়ে। লর্ডসে অভিষেক টেস্টে শতরান রয়েছে প্রাক্তন ভারত অধিনায়ক সৌরভ গঙ্গোপাধ্যায়েরও। তবে লর্ডসে অভিষেক টেস্টেই সর্বোচ্চ রান করে কনওয়ে এদিন ভেঙে দিয়েছেন আরেক কিংবদন্তি ভারতীয় রঞ্জিতসিংজি-র ১২৫ বছরের পুরনো রেকর্ড। রঞ্জি নামেই যিনি বেশি পরিচিত। এতদিন ইংল্যান্ডের মাঠে অভিষেক টেস্টে সর্বোচ্চ রান করার রেকর্ড ছিল রঞ্জির-ই। ম্যাঞ্চেস্টারে, ১৮৯৬ সালে ইংল্যান্ডের হয়ে খেলতে নেমে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৫৪ রান করেছিলেন রঞ্জি। সেই রেকর্ডই এদিন ভেঙে দিলেন কনওয়ে।

# Parul® University | VADODARA, GUJARAT

## YOUR SOCIAL MEDIA STATUS DOESN'T MATTER, BUT YOUR JOB STATUS DOES

### CHOOSE A UNIVERSITY THAT OFFERS REWARDING JOBS

CHOOSE **MORE** CHOOSE **RIGHT**




| | |
|---|---|
| **Engineering** | Diploma \| B.Tech \| M.Tech \| Diploma + B.Tech \| B.Tech + M.Tech |

**Industry Embedded Bachelor of Technology (B.Tech.)**
Computer Science & Engineering | IT | Integrated MCA

In Association with
**SAP | PEGA | Microsoft | Quick Heal | ORACLE**

| | |
|---|---|
| **Architecture** | D. Arch \| B. Arch \| M. Plan \| M.Des Infra |
| **Applied Science** | B.Sc & M.Sc in Forensic \| Chemistry \| Bio Chemistry |
| **Management Studies** | DBA \| BBA \| MBA \| DBA + BBA \| BBA + MBA |
| **Law** | BBA/B.Com./BA LLB \| LLB \| LLM \| MLW \| MBL \| PGD |
| **Arts** | BA & MA in Journalism \| Psychology \| Political Science |
| **IT & Computer Sciences** | BCA \| MCA \| B.Sc IT \| M.Sc IT \| Integrated MCA |
| **Pharmacy** | D.Pharm \| B.Pharm \| M.Pharm \| Pharm.D. \| Pharm.D. (PB) |
| **Commerce** | B.Com. (Hons.) \| M.Com. (Hons.) \| D.Com+B.Com (Hons.) \| B.Com+M.Com (Hons.) |
| **Design** | Diploma, B.Sc, B.Design & M.Design<br>Fashion \| Interior \| Product \| Film \| VFX |
| **Aviation** | Certificate, Diploma & Bachelor in Aviation Management |
| **Social Work** | BSW \| MSW \| MSW - HRM |
| **Medicine** | MBBS \| BASLP \| MD \| MS |
| **Ayurved** | BAMS \| MD \| MS |
| **Nursing** | ANM \| GNM \| B.Sc \| M.SC \| Post Basic Diploma |
| **Fine Arts** | Bachelor of Visual Arts |
| **Physiotherapy** | BPT \| MPT |
| **Homoeopathy** | BHMS \| MD |
| **Public Health** | B.Sc \| MHA \| MPH |
| **Hotel Management** | DHMCT \| BHMCT \| B.Sc in Hotel Management \| BA in Culinary Arts |
| **Para Medical & Health Sciences** | Diploma \| B.Sc. \| M.Sc |

Ranked Among
**THE TOP 50 PRIVATE UNIVERSITIES**
In india
Atal Ranking of Institutions on Innovation Achievements - 2020
by Ministry of Education, Govt. of India

**450+ SPECIALIZATIONS** TO CHOOSE FROM

**KOLKATA ADMISSION OFFICE ✆ 9510971472**

✆ 1800 123 1104

www.paruluniversity.ac.in

